

রূপালী ব্যাংক লিমিটেড
প্রশাসন ও মানব সম্পদ বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রধান কার্যালয়ের সকল বিভাগ /আরবিটিআই/
স্থানীয় কার্যালয়/কর্পোরেট শাখা/
অন্যান্য শাখা/আঞ্চলিক কার্যালয় ও
নিরীক্ষা ও পরিদর্শন সেল।

ইস্তেহার নং : প্রকা/প্রশা/সার্ভিসেস/
তারিখ : ০৮/০৩/২০১০ ইং।

বিষয় :- রূপালী ব্যাংক লিঃ-এ স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষার্থীদের জন্য এবং শিক্ষা
কার্যক্রম সম্পন্নকারী ছাত্র/ছাত্রীদের জন্য Internship কার্যক্রমের নীতিমালা।

অত্র ব্যাংক প্রতি বছরই শিক্ষা কার্যক্রমের আওতায় ব্যবহারিক জ্ঞান অর্জনের জন্য ইন্টার্নশীপের ব্যবস্থা
করে আসছে। কিন্তু এ সংক্রান্ত কোন সুনির্দিষ্ট নীতিমালা না থাকায় পর্ষদ ১৫-০২-২০১০ তারিখের স্মারক নং-
প্রমাবি/০৭/১০ এর আলোকে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে।

সিদ্ধান্ত :

কর্পোরেট স্যোসাল রিসপন্সিবিলিটিজ(CSR) কার্যক্রমের আওতায় রূপালী ব্যাংক লিঃ এ বিভিন্ন শিক্ষা
প্রতিষ্ঠানের স্নাতক (বিবিএ/ বিএসএস) স্নাতক সম্মান (বিএ,বিএসসি/ বিকম)ও স্নাতকোত্তর পর্যায়ে ছাত্র-
ছাত্রীকে ইন্টার্নশীপ ও স্পেশাল ইন্টার্নশীপ কার্যক্রমের আওতায় নিম্নে বর্ণিত শর্তে নিয়োগের প্রস্তাব পর্ষদ
অনুমোদন করে :-

শর্তাবলী :-

- (১) রূপালী ব্যাংকের সংগে ইন্টার্নীদের দাপ্তরিক সকল যোগাযোগ তাদের স্ব স্ব প্রতিষ্ঠানের প্রধানের
মাধ্যমে হবে।
- (২) প্রতি ইন্টার্নীকে কাজের মেয়াদকালে শিক্ষার্থীদের শিক্ষা স্তর ও কাজের স্থান/এলাকা বিশেষ
নিম্নরূপ হারে সম্মানী প্রদান করা হবে :-
 - (ক) কোন এলাকার জন্য কতজন ইন্টার্নী নিয়োগ দেয়া হবে তা প্রধান কার্যালয়ের প্রশাসন ও মানব
সম্পদ বিভাগ নির্ধারণ করে দিবে।
 - (খ) যে সব শিক্ষার্থী তাদের নিজ নিজ স্থায়ী ঠিকানায় বিভাগীয় শহর ব্যতিত কোন জেলা শহর
শাখায় ইন্টার্নী করবে তাদের প্রতিমাসে ২০০০.০০ টাকা আর্থিক সম্মানী দেয়া হবে।
 - (গ) বিভাগীয় শহরগুলোর শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের একই শহরে অবস্থিত রূপালী
ব্যাংকের যে শাখায় কাজ করবে তাদের প্রতিমাসে ১০০০.০০ টাকা সম্মানী দেয়া হবে।
 - (ঘ) অন্যান্য ক্ষেত্রে শহরে ২৫০০.০০ এবং গ্রামীণ শাখায় ৩০০০.০০ টাকা আর্থিক সুবিধা প্রদান
করা হবে।
- (৩) কর্পোরেট শাখা ও প্রধান কার্যালয়ের কোন বিভাগে একই সময়ে দুই এর অধিক ইন্টার্নী থাকবে
না।
- (৪) এই কার্যক্রম শুধুমাত্র ব্যবহারিক প্রশিক্ষণ হিসেবে বিবেচিত হবে এবং তা কোন অবস্থাতেই
ব্যাংকের চাকুরীর নিশ্চয়তা প্রদান করবে না।
- (৫) সকল ইন্টার্নীকে এই মর্মে লিখিত নিশ্চয়তাপত্র দিতে হবে যে ইন্টার্নশীপ এর সময় শিক্ষার্থীরা যে
সব তথ্য পাবেন তা শিক্ষা কার্যক্রম ছাড়া অন্য কোন কাজে ব্যবহার করা হবে না।
- (৬) ইন্টার্নশীপ এর জন্য সম্মানী একজন শিক্ষার্থীর এই কার্যক্রম সন্তোষজনকভাবে শেষ হবার পর
পরিশোধ করা হবে। এক্ষেত্রে একজন ইন্টার্নী যেখানে কাজ করবেন সেখানকার শাখা/বিভাগীয়
প্রধান এবং নিজ শিক্ষা প্রতিষ্ঠানে যে শিক্ষকের তত্ত্বাবধানে থাকবে তাঁদের উভয়েরই সুপারিশ
প্রয়োজন হবে।
- (৭) ইন্টার্নশীপ প্রোগ্রাম অনধিক ৬(ছয়)মাস হবে।
- (৮) লক্ষ্য রাখতে হবে যে, একই সময় কোন অঞ্চলের সকল শাখার মোট ইন্টার্নীর সংখ্যা ঐ অঞ্চলের
শাখার সংখ্যার চেয়ে বেশী হতে পারবে না।

স্পেশাল ইন্টার্নশীপ :

একাডেমিক শিক্ষা কার্যক্রম সম্পন্নকারী ছাত্র-ছাত্রী যারা এখনো কর্মজীবনে প্রবেশ করেন নাই তাদের জন্য
উপরে বর্ণিত শর্তে স্পেশাল ইন্টার্নশীপ এর ব্যবস্থা থাকবে। তবে এ ধরনের ইন্টার্নশীপে এক বছরে সর্বোচ্চ ২৫
জন প্রার্থীকে সুযোগ দেয়া হবে।

উপরে বর্ণিত শর্তাবলীর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া হলো।
শাখা সমূহকে ইন্টার্নীর চাহিদা প্রেরণ করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

(মুহাম্মদ আবদুর রব)
সহকারী মহাব্যবস্থাপক

(এস,এম, শফিউল্লাহ)
উপ-মহাব্যবস্থাপক